Lifeboats




# সরঞ্জাম রিসোর্স
# রেসকিউ থ্রোলাইন নির্দেশিকা
## কমিউনিটি প্রোডাকশন

মার্চ ২০১৯

কম রিসোর্সপূর্ণ এলাকার জন্য তৈরি

# এই নির্দেশিকা সম্বন্ধে

এই উদ্ধার থ্রোলাইন নির্দেশিকাটির প্রাথমিক লক্ষ্য হচ্ছে জনগণকে প্রয়োজনীয় দক্ষতা এবং জ্ঞান প্রদানের মাধ্যমে তাদের নিজ দেশে উদ্ধার থ্রোলাইনটি প্রস্তুত করতে স্বাবলম্বী করে তোলা।

এটি ডিজাইন করা হয়েছে সেসব সংগঠনের জন্য যাদের সরঞ্জামের ক্ষেত্রে সীমিত অ্যাক্সেস রয়েছে।

এই ম্যানুয়ালটি আবার ৩ বছর পর পর্যালোচনা করার পর প্রয়োজন সাপেক্ষে আপডেট করা হবে। এই ম্যানুয়াল বিষয়ক যেকোনো মন্তব্য এবং প্রতিক্রিয়া international@rnli.org.uk -এ পাঠানোর জন্য অনুরোধ করা হলো।

এই সরঞ্জামটি শুধুমাত্র তখন ব্যবহার করা উচিত যখন কোন কমিউনিটি আন্তর্জাতিক মানের জীবন বাঁচানোর সরঞ্জাম কিনতে এবং সেগুলো ব্যবহার করতে সক্ষম নয়।

দাবি পরিত্যাগী
এই ম্যানুয়ালের বিষয়বস্তু শুধুমাত্র সাধারণ নির্দেশনার জন্য উপযুক্ত। এটি সেরা অনুশীলনগুলোর প্রতিনিধিত্ব করে প্রকাশনার তারিখ পর্যন্ত এবং এটিকে আইনি পরামর্শ হিসাবে বিবেচনা করা উচিত নয়। এই ম্যানুয়াল যারা ব্যবহার করতে ইচ্ছুক প্রয়োজন হলে তাদের পেশাদারীদের কাছ থেকে পরামর্শ নেয়া উচিত। এই নথিতে কোন প্রকার ত্রুটির জন্য আর.এন.এল.আই কোন দায়ভার স্বীকার করে না।.

আর.এন.এল.আই রেসকিউ থ্রোলাইনের ব্যবহার বা উৎপাদন সম্পর্কিত কোন প্রকার দায়িত্ব গ্রহণ করে না এবং কোন ওয়ারেন্টিও দেয় না। রেসকিউ থ্রোলাইন ব্যবহারজনিত যে কোনো ঝুঁকি সম্পূর্ণরূপে ব্যবহারকারীকে বহন করতে হবে।

## মার্চ ২০১৯

পরিচালনায় এবং নির্মানে:

Royal National Lifeboat Institution
West Quay Road
Poole
Dorset
BH15 1HZ
England

টেলিফোন: +৪৪ (০) ১২০২ ৬৬৩০০০
ওয়েব: RNLI.org
ইমেইল: international@rnli.org.uk

আর.এন.এল.আই ইংল্যান্ড এবং ওয়েলস (২০৯৬০৩) এবং স্কটল্যান্ডে (SC০৩৭৭৩৬) নিবন্ধিত একটি দাতব্য প্রতিষ্ঠান। রিপাবলিক অফ আয়ারল্যান্ডে নিবন্ধিত দাতব্য সংখ্যা ২০০০৩৩২৬।

এই নথিটি আর.এন.এল.আই এর পূর্ব সম্মতি ছাড়া পুনঃউৎপাদন করা যেতে পারে। আর.এন.এল.আই এই ম্যানুয়াল ব্যবহারের ফলাফলের জন্য কোন প্রকার দায়িত্ব নিবে না।

# বিষয়বস্তু


## ইউনিট ১: ভূমিকা ৪
১.১ আন্তর্জাতিক ডুবে যাওয়া সমস্যা ৪
১.২ আরএনএলআই ৫

## ইউনিট ২: বিস্তারিত বিবরণী ৬
২.১ রেসকিউ থ্রোলাইন ৬
২.২ বিস্তারিত বিবরণী ৭

## ইউনিট ৩: ব্যবহার ৯
৩.১ সংগ্রহস্থল ৯
৩.২ রেসকিউ ব্যবহার ৯
৩.৩ পাবলিক রেসকিউ সরঞ্জাম হিসেবে ব্যবহার (পিআরই) ১০
৩.৪ নিরাপত্তা ১০
৩.৫ ব্যবহার পরবর্তী যত্ন ১০
৩.৬ নিরীক্ষার সময়সূচী ১০

## ইউনিট ৪: কমিউনিটি উৎপাদন (কম ভলিউম) ১১
৪.১ কমিউনিটি উৎপাদন ১১
৪.২ উৎপাদন নিরাপত্তা ১১
৪.৩ সরঞ্জামাদি, রিসোর্সেস এবং ম্যাটেরিয়ালস্ ১১
৪.৪ টেমপ্লেটস্ / প্যাটার্ন ১৩
৪.৫ উৎপাদনের নির্দেশাবলী ১৫
৪.৬ নিরীক্ষা ১৮

## ইউনিট ৫: উদ্ধার পেশাদার কর্মীদের জন্য অধিক ভলিউমে উৎপাদন ১৯
৫.১ পেশাদার উদ্ধার কাজের জন্য অধিক ভলিউমে উৎপাদন ১৯

## ইউনিট ৬: নিষ্পত্তি/পুনর্ব্যবহার ২০
৬.১ নিষ্পত্তি/পুনর্ব্যবহার ২০
৬.২ পরিবেশগত প্রভাব মূল্যায়ন ২০

## ইউনিট ৭: মতামত এবং প্রতিক্রিয়া ২১
৭.১ মতামত এবং প্রতিক্রিয়া ২১
৭.২ জীবন বাঁচানোমূলক সরঞ্জামের প্রয়োজনীয়তা ২১
৭.৩ গল্প ২১

## ইউনিট ৮: মাস্টার টেমপ্লেটস্ ২২
৮.১ মাস্টার টেমপ্লেটস্ / প্যাটার্ন ২২

## ১.১ আন্তর্জাতিক ডুবে যাওয়া সমস্যা

পানিতে ডুবে যাওয়া বিশ্বব্যাপী মৃত্যুর একটি অন্যতম প্রধান কারণ। প্রতি বছর পানিতে ডুবে আনুমানিক ৩৭২, ০০০ মানুষের জীবননাশ ঘটে, তবে এর ভয়াবহ প্রভাবের সচেতনতা অপেক্ষাকৃত কম এবং এর প্রতিকার ব্যবস্থার ক্ষেত্রেও স্বল্প-রিসোর্স বিদ্যমান। নিঃসন্দেহে এই চিত্রটি পানিতে ডুবে অধিক মৃত্যুর হারের একটি অবমূল্যায়ন।

তথ্য সংগ্রহের ক্ষেত্রে বিভিন্ন এলাকায় বিভিন্ন ধরনের পদ্ধতি ব্যবহৃত হয়, বাস্তব চিত্রে দেখা যায়-জাতিসংঘের বেশিরভাগ সদস্যবৃন্দ পানিতে ডুবে মৃত্যুর উপর সঠিক প্রতিবেদন জমা দিতে ব্যর্থ হয়েছে এবং অধিকাংশ ক্ষেত্রে বন্যা ও নৌপরিবহন দুর্ঘটনায় প্রাণ হারানোর সঠিক সংখ্যা সরকারীভাবে অন্তর্ভুক্ত করা হয়নি। বাংলাদেশসহ এশিয়ার বিভিন্ন দেশগুলিতে পানিতে ডুবে যাওয়া শিশু মৃত্যুর প্রধান কারণ হিসেবে চিহ্নিত হয়েছে- প্রতিদিন ৪৮ জন শিশু পানিতে ডুবে অপ্রত্যাশিতভাবে তাদের জীবন হারাচ্ছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা বিশ্বব্যাপী পানিতে ডুবে যাওয়া সম্পর্কিত নিম্নলিখিত তথ্যসমূহ প্রকাশ করেছে:

### মূল ঘটনাসমূহ

৩৭২০০০ জন মানুষ প্রতি বছর পানিতে ডুবে মারা যায়

পানিতে ডুবে মৃত্যুর হারের অর্ধেকেরও বেশি মানুষ ২৫ বছরের কম বয়সী

পানিতে ডুবে যাওয়ার সম্ভাবনা মহিলাদের তুলনায় পুরুষদের প্রায় দুই গুন বেশি।

১-২৪ বছর বয়সের মানুষের ১০টি প্রধান মৃত্যুর কারণের মধ্যে পানিতে ডুবে যাওয়া একটি।

### প্রতিরোধমূলক কার্যক্রম

অতিরিক্ত পানি নিয়ন্ত্রণের জন্য বেরিয়ার/বাঁধা স্থাপন করুন।

প্রাক স্কুল শিশুদের পানি থেকে দূরে রাখার জন্য সম্ভাব্য নিরাপদ স্থান প্রদান করতে হবে (উদাহরণস্বরূপ, একটি ক্রেশ) যেখানে শিশু যত্ন অন্তর্ভুক্ত থাকবে) ।

স্কুল-বয়সী শিশুদের প্রাথমিক সাঁতার শিক্ষা, পানি সম্পর্কে নিরাপত্তা এবং নিরাপদ রেসকিউ সম্পর্কিত দক্ষতা প্রদান করুন।

এবং নিরাপদ নৌযান চালনা, শিপিং এবং ফেরি সম্পর্কিত নিয়মাবলীর প্রবর্তন করুন।

নিরাপদ নৌযান চালনা, শিপিং এবং ফেরি সম্পর্কিত নিয়মাবলীর প্রবর্তন করুন।

স্থানীয়ভাবে এবং জাতীয়ভাবে বন্যা ঝুঁকি ব্যবস্থাপনার উন্নয়ন করুন

বিশ্বের ডুবে যাওয়া সমস্যাটির অধিক হার সত্ত্বেও, এটা একটি স্বল্প স্বীকৃত নীরব মহামারী।

World Health Organization

বিশ্ব স্বাস্থ্য সংস্থা ২০১৪

## ১.২ আরএনএলআই

রয়েল ন্যাশনাল লাইফবোট ইনস্টিটিউশন (আরএনএলআই) একটি যুক্তরাজ্য ভিত্তিক দাতব্য সংস্থা, যারা পানিতে ডুবে মৃত্যুর হার হ্রাস করার উদ্দেশ্যে কাজ করছে। এটি ১৮২৪ সালে প্রতিষ্ঠিত হয়েছিল এবং বর্তমানে যুক্তরাজ্যের ও আয়ারল্যান্ডের ২৩০ টিরও বেশি স্থানে ২৪-ঘন্টা লাইফবোটের সেবা প্রদান করছে, ২৪০ টি সৈকত জুড়ে লাইফগার্ড সেবা, প্রশিক্ষিত বন্যা উদ্ধারকর্মী দল এবং জনসাধারণকে পানিতে ডুবে যাওয়া প্রতিরোধ সম্পর্কে সচেতন করার জন্য প্রচারণা চালাচ্ছে।

সামুদ্রিক অনুসন্ধান এবং উদ্ধার



লাইফগার্ড





বন্যা উদ্ধার





কমিউনিটি নিরাপত্তা

### আরএনএলআই এর আন্তর্জাতিক কার্যকলাপ

যুক্তরাজ্য ও আয়ারল্যান্ডে ১৯০ বছরের বেশি সময় ধরে মানুষের জীবনরক্ষার অভিজ্ঞতার আলোকে এবং জাতিসংঘের সুপারিশগুলির প্রতিক্রিয়ায়, আরএনএলআই এখন তাদের নিজেদের কাজের অভিজ্ঞতা শেয়ারের মাধ্যমে বিশ্বজুড়ে বিভিন্ন দেশের সরকার এবং সংগঠনের সঙ্গে অংশীদারিত্বে পানিতে ডুবে যাওয়ার বিষয়টি বিশ্বব্যাপী অগ্রাধিকাররের উপর কাজ করছে।

আরএনএলআই ঝুঁকিপূর্ণ কমিউনিটিগুলোকে ক্ষমতায়নের ক্ষেত্রে সাহায্য করে, যেখানে ডুবে যাওয়া একটি বড় ঝুঁকি-সেক্ষেত্রে  যথাযত জ্ঞান, সরঞ্জাম এবং দক্ষতার প্রদানের মাধ্যমে তাদেরকে স্থিতিশীল করে এবং  পানিতে ডুবে জীবননাশ হ্রাস করতে সাহায্য করতে। এটার অন্তর্ভুক্ত:

- সরকারি ও বেসরকারি সংস্থাগুলোর সঙ্গে সমন্বিতভাবে পানিতে ডুবে যাওয়া প্রতিরোধ পরিকল্পনার উপর কাজ করা।
- নিম্ন আয়ের দেশগুলোতে জীবন বাঁচানোমূলক সংস্থা এবং অনুসন্ধান ও উদ্ধার দলগুলির ধারণ ক্ষমতা এবং দক্ষতা বাড়ানো।
- কম খরচে জীবন বাঁচানো এবং ডুবে যাওয়া প্রতিরোধের উপর ডিজাইন প্রবর্তন এবং প্রয়োগ করা (উদাহরণ- পানিতে আত্মরক্ষা এবং নিরাপত্তার উপর প্রোগ্রাম), গুরুত্বপূর্ণ গবেষণা এবং তথ্য সংগ্রহ, আন্তর্জাতিক প্রচার এবং সচেতনতার উদ্যোগ নেয়া।

রেসকিউ থ্রোলাইন ম্যানুয়ালটি কম খরচের সরঞ্জাম ম্যানুয়ালের সেটগুলির একটি অংশ, যার প্রধান উদ্দেশ্য আন্তর্জাতিক কমিউনিটিকে পানিতে ডুবে মৃত্যুর হার হ্রাস করতে সহায়তা করা।


## ২.১ রেসকিউ থ্রোলাইন

একটি রেসকিউ থ্রোলাইন হচ্ছে একটি ব্যাগ বা ধারকের মধ্যে রাখা একটি ভাসমান দড়ি যা পানিতে দুর্ঘটনায় কবলিত ব্যাক্তিকে দ্রুত উদ্ধারের জন্য নিক্ষেপ করা যেতে পারে। এটি সবচেয়ে বেশী উপযুক্ত দ্রুতগতির পানির ক্ষেত্রে এবং বন্যাকবলিত উদ্ধার কাজের জন্য যা বিভিন্ন উপায়ে ব্যবহার করা যেতে পারে। উদ্ধার কাজে সর্বদা উদ্ধার থ্রোলাইন ব্যবহার বন্যা উদ্ধারকর্মীদের একটি ভাল অনুশীলনের পর্যায়ে পরে।

এটি নদী মুখের মতো জায়গায় অথবা পাথুরে উপকূলের আশেপাশের এলাকায় যেখানে শক্তিশালী স্রোত উপস্থিত রয়েছে সেখানে জনসাধারণের রেসকিউ সরঞ্জাম (পিআরই) হিসাবে ব্যবহার করা যেতে পারে ।





## ২.২ বিস্তারিত বিবরণী




লাইনের রঙ
উজ্জ্বল রঙের (যদি সম্ভব হয় হলুদ, কমলা অথবা লাল রঙ। যদি অন্য রঙ না পাওয়া যায় তবে সাদা রঙ ব্যবহার করা যেতে পারে)।

লাইনটি এমন উপাদান দিয়ে তৈরি করতে হবে যা পানিতে ভেসে থাকতে সক্ষম। এক্ষেত্রে প্রায়ই পলিপ্রপিলিন ব্যবহার করা হয় বি এস এন আই এসও ১৩৪৬: ২০১২ মানের জন্য।










লাইনের বেধ ৭-৯.৫ মিমি
- ৭ মিমি সাধারণত উদ্ধার থ্রোলাইনের জন্য
- ৯.৫ মিমি সাধারণত বন্যা উদ্ধার অভিযানের জন্য




লাইনটি ছিঁড়ে যাওয়ার শক্তি এটি ব্যবহারের উপর নির্ভর করে, লাইনটির ০.৩ টন = ৩ কেএন (কিলোনিউটনস) সর্বনিম্ন লাইনটি ভাঙ্গার স্ট্রেইন থাকা উচিত।

রেসকিউ কাজে লাইনটির ব্যবহারের উপযুক্ততা পরীক্ষার জন্য লাইনটির একপ্রান্ত পাঁচজন লোক একই সময়ে টেনে ধরে এবং অন্য প্রান্তটি একটি স্থির বস্তুর সাথে সংযুক্ত করার মধ্য দিয়ে জানা যেতে পারে (উদাহরণস্বরূপ কোন একটি গাছের সঙ্গে)।





ব্যাগের রঙ
উজ্জ্বল রঙের (যদি সম্ভব হয় হলুদ, কমলা অথবা লাল রঙের)

ব্যাগের ম্যাটেরিয়াল
মজবুত কাপড় (যেমন-৫০০ডিনিয়ার-৫০০ডি) যা সূর্যালোক এবং জল প্রতিরোধক হবে, যেমন-নাইলন, রিপস্টপ বা অনুরূপ উপাদান যা টেকসই কাঁধের ব্যাগ তৈরীতে ব্যবহৃত হয়।

লাইনের দৈর্ঘ্যে
৭ মিমি লাইন -২০মি
৯.৫ মিমি লাইন - ১৮ মি

১৮মি অথবা ২০মি
(লাইনের বেধের উপর নির্ভর করে)



## ব্যাগের বৈশিষ্ট্য

- মজবুত, হালকা এবং ঠাঁসা হতে হবে।
- ব্যাগ এবং লাইনটি ভেসে থাকা আবশ্যক।
- লাইনের এক প্রান্ত নিরাপদভাবে ব্যাগের অভ্যন্তরে সংযুক্ত করতে হবে
এ ক্ষেত্রে ডাবল -আট গিঁটের গঠন উপযুক্ত।
ইউনিট ৪.৫- এ দেখুন ।
- লাইনটি পুনরায় ব্যাগে দ্রুত প্যাক করা সহজ হতে হবে।
- ব্যাগের তলায় একটি ছোট লুপের মধ্য দিয়ে লাইনটি প্রবেশ করান (লুপটি ছোট আকারের হতে হবে যাতে আপনার হাত এটার মধ্য দিয়ে প্রবেশ করতে না পারে) ।
- ব্যাগের তলায় ছিদ্র থাকতে হবে যা পানি বের করে দিতে সাহায্য করবে।
- আর্দ্রতা, সূর্যালোক এবং ময়লা প্রতিরোধক হতে হবে।
- ব্যাগটিতে যদি হালকা প্রতিফলিত ফিতা সংযুক্ত করা হয় তবে রাতের বেলা এটি দেখতে সহজ হবে এবং একটি কেমিকেল বাতি (গ্লো স্টিক) সংযুক্ত করার জন্য একটি ছোট লুপ থাকতে হবে।
- যদি ব্যাগটি পাবলিক রেসকিউ সরঞ্জাম (পিআরই) হিসাবে ব্যবহার করা হয় তবে ব্যাগের পাশে সহজ নির্দেশাবলী মুদ্রণ করা যেতে পারে। এটি ডান দিকে দেখানো এমন একটি সহজ তালিকা হতে পারে, অথবা যদি সম্ভব হয় নীচের পৃষ্ঠার গ্রাফিকটি ব্যাগের গায়ে প্রিন্ট করা যেতে পারে।.

## ব্যাগ চিহ্নিতকরণ

ব্যাগের গায়ে পরিষ্কারভাবে লাইনের দৈর্ঘ্যে চিহ্নিত করা উচিত।

## উদাহরণস্বরূপ নির্দেশাবলী

- ব্যাগটি হাতে নিন
- এক হাতে লাইনের শেষ প্রান্তটি ধরে রাখুন
- অন্য হাত দিয়ে বিপদগ্রস্ত ব্যাক্তিকে ব্যাগটি নিক্ষেপ করুন
- কোন অবস্থাতে নিজের শরীরের সঙ্গে লাইনটি বাঁধবেন না।
- বিপদগ্রস্ত ব্যক্তিকে নিরাপদ জায়গায় টেনে আনুন।
- লাইনটিকে ব্যাগের ভেতর পুনরায় গুছিয়ে রাখুন (লাইনটি ব্যাগের ভেতর ঢোকান, লাইনটির কোন প্রকার কুণ্ডলী বানাবেন না)

## উদাহরণস্বরূপ গ্রাফিক নির্দেশাবলী



## ৩.১ সংগ্রহস্থল

রেসকিউ থ্রোলাইনটি সরাসরি সূর্যালোক থেকে দূরে কোন পরিষ্কার এবং শুষ্ক

স্থানে সংরক্ষণ করা উচিত। রেসকিউ থ্রোলাইনটি উদ্ধার কাজে ব্যবহারের জন্য সর্বদা প্রস্তুত রাখতে হবে।

## ৩.২ রেসকিউ ব্যবহার

অনুগ্রহ করে অন্যান্য পেশাদার প্রতিষ্ঠানের প্রাসঙ্গিক প্রশিক্ষণ ম্যাটেরিয়ালগুলো দেখুন।

আরএনএলআই আন্তর্জাতিক বন্যা নিরাপত্তা এবং বন্যা রেসকিউ ম্যানুয়াল তৈরি করেছে, যা RNLI.org -ওয়েবসাইট থেকে পাওয়া যাবে।



## ৩.৩পাবলিক রেসকিউ সরঞ্জাম হিসেবে ব্যবহার (পিআরই)

রেসকিউ থ্রোলাইনটি কোন পানিপূর্ণ এলাকার কাছাকাছি স্থাপন করা যেতে পারে যেন স্থানীয় বাসিন্দারা উদ্ধার কাজে এটি ব্যবহার করতে সক্ষম হয়। এটি স্থাপনের পূর্বে এলাকাবাসিদের এর উদ্দেশ্য এবং ব্যবহার সম্পর্কে প্রশিক্ষণ দিতে হবে। এটিকে নিয়মিতভাবে পরীক্ষা এবং পরিদর্শন করতে হবে।

### স্থান নির্ণয়

রে রেসকিউ থ্রোলাইনটি এমন কোন জায়গায় রাখতে হবে যেন এটি সহজে দৃশ্যমান এবং প্রবেশযোগ্য হয়। যদি সম্ভব হয় এটি সরাসরি সূর্যালোক থেকে দূরে কোন স্থানে সংরক্ষণ করতে হবে। সকিউ থ্রোলাইনটি এমন কোন জায়গায় রাখতে হবে যেন এটি সহজে দৃশ্যমান এবং প্রবেশযোগ্য হয়। যদি সম্ভব হয় এটি সরাসরি সূর্যালোক থেকে দূরে কোন স্থানে সংরক্ষণ করতে হবে।

### সাইন

কিভাবে রেসকিউ থ্রোলাইনটি ব্যবহার করতে হবে তা জানার জন্য এর কাছাকাছি একটি সাইন স্থাপন করা উচিত। একটি উপযুক্ত সাইন নিচে দেখানো হয়েছে। এই সাইনটির পূর্ণ আকারের সংস্করণটি ম্যানুয়ালের পিছনের দিকে পাওয়া যাবে যা ফটোকপি এবং ল্যামিনেট করার মাধ্যমে রেসকিউ থ্রোলাইনের কাছে স্থাপন করা যেতে পারে।




### মালিকানা

এলাকাবাসিদের মধ্যে একজন ব্যক্তিকে থ্রোলাইনটির মালিকানা দেওয়া উচিত। যিনি প্রতিদিন নিয়মিতভাবে থ্রোলাইনটি চেক করার মাধ্যমে এটি যেকোনো সময় ব্যবহার করার উপযোগী আছে কিনা তা নিশ্চিত করবেন।

### কমিউনিটি সচেতনতা

এলাকাবাসিদের থ্রোলাইনটি সম্পর্কে অবগত করতে হবে এবং এটি কোথায় স্থাপন করা হয়েছে তা জানাতে হবে। থ্রোলাইনটি কিভাবে উদ্ধার কাজে ব্যবহার করা যেতে পারে সে সম্পর্কে এলাকাবাসিদের প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। এলাকাবাসিদের, বিশেষ করে বাচ্চাদের সচেতন করতে হবে যেন থ্রোলাইনটি কোন রকম খেলনা হিসাবে ব্যবহার করা না হয়। এলাকাবাসিদের মধ্যে একজন ব্যক্তিকে থ্রোলাইনটির দায়িত্ব দেওয়া উচিত যিনি নিয়মিতভাবে থ্রোলাইনটি চেক করার মাধ্যমে এটি যেকোনো সময় ব্যবহারের উপযোগী আছে কিনা তা নিশ্চিত করবেন।

### আইন

রেসকিউ থ্রোলাইনের ব্যবহার বা নির্মাণের ক্ষেত্রে আপনার দেশের অথবা এলাকার সকল আইন-কানুন মেনে চলা নিশ্চিত করতে হবে।

## ৩.৪ নিরাপত্তা



যেকোনো লাইন স্থির এবং চলন্ত পানিতে বিপদের কারণ ঘটাতে পারে। কোন অবস্থাতে লাইন যেন উদ্ধারকারীর অথবা বিপদগ্রস্ত ব্যক্তির শরীরের সঙ্গে যুক্ত না থাকে। ব্যবহারের সময় যেকোন জরুরি অবস্থায় যেন লাইনটি থেকে মুক্ত হতে সক্ষম হয় তা লক্ষ্য রাখতে হবে। উদ্ধারকারীদের বন্যা উদ্ধার কাজের ক্ষেত্রে একটি ছুরি বহন করা একটি ভাল অনুশীলন হিসেবে বিবেচ্য কারণ কেউ যদি লাইনের সঙ্গে জড়িয়ে যায় তবে ছুরির সাহায্যে কেটে নিজেকে বাঁধন মুক্ত করতে সক্ষম হবে। লাইনটি কোন অবস্থাতে হাতের সঙ্গে মোড়ানো উচিত নয়।



## ৩.৫ ব্যবহার পরবর্তী যত্ন

ব্যবহারের পর লাইন এবং ব্যাগটি কোন প্রকার ক্ষয়ক্ষতি নিরীক্ষার জন্য পরিদর্শন করতে হবে, এরপর মিঠা পানি ব্যবহার করে এগুলো পরিষ্কারের মাধ্যমে উষ্ণ কোন স্থানে শুকাতে দিতে হবে (কিন্তু সরাসরি সূর্যালোক এড়াতে হবে)।

## ৩.৬ নিরীক্ষার সময়সূচী

প্রতিবার ব্যবহারের পর এবং প্রত্যেক মাসে অন্তত একবার লাইন এবং ব্যাগটি ক্ষয়ক্ষতি নিরীক্ষার জন্য পরিদর্শন করতে হবে। লাইনটি ব্যাগের সঙ্গে সঠিক গিঁটে বাঁধা হয়েছে কিনা তা নিশ্চিত করতে হবে (ইউনিট ৪ দেখুন) । কোন প্রকার ক্ষয়ক্ষতি নিরীক্ষার জন্য পুরো লাইনটি চেক করতে হবে। যদি লাইনটির কোন প্রকার ক্ষতি পরিলক্ষিত হয় তবে সম্পূর্ণ লাইনটি বদলিয়ে নতুন লাইন স্থাপন করতে হবে।



ক্ষতিগ্রস্ত লাইন

লাইনটি সঠিকভাবে কাজ করছে কিনা তা ওজন ব্যবহার করে নিয়মিতভাবে পরীক্ষার মাধ্যমে নিশ্চিত করতে হবে (২.২ দেখুন) ।

## ৪.১ কমিউনিটি উৎপাদন

সেই সকল কমিউনিটির জন্য যাদের কম ভলিউমে একটি সাধারণ রেসকিউ থ্রোলাইন প্রয়োজন, এই সেকশানটি আপনাকে নিজস্ব রেসকিউ থ্রোলাইন তৈরির ক্ষেত্রে প্রয়োজনীয় সরঞ্জামের উৎস, রিসোর্সেস এবং ম্যাটেরিয়ালস্ সম্পর্কে সমস্ত তথ্য সরবরাহ করবে। এটি উৎপাদনের পূর্বে এবং উৎপাদনের সময় জরুরি নিরাপত্তার বিষয়গুলো সম্পর্কে সচেতন করবে এবং উৎপাদন প্রক্রিয়ার প্রতিটি পর্যায় ধাপে ধাপে গাইড করবে।

জরুরি কাজে ব্যবহারের জন্য নিম্নলিখিত নির্দেশাবলী এবং টেমপ্লেটটি ব্যবহার করে এলাকার কোন দর্জির সেলাই মেশিনের সাহায্যে একটি সহজ নকশার রেসকিউ থ্রোলাইন তৈরি করা যেতে পারে।


## ৪.২ উৎপাদন নিরাপত্তা


সঠিকভাবে পরিচালিত না করলে সেলাই মেশিন যেকোনো গুরুতর আঘাতের কারন হতে পারে। ফ্যাব্রিক মেশিনে চলন্ত অবস্থায় আপনার হাত যেন সুঁই থেকে দূরে থাকে তা নিশ্চিত করুন। আপনার আঙ্গুল বাহিরের দিকে রাখুন এবং ফ্যাব্রিককে নির্দেশ করার জন্য আপনার বৃদ্ধাঙ্গুলটি ব্যবহার করুন, তবে এটি নিশ্চিত করুন যেন সেলাই মেশিনের পা বা সুঁইয়ের খুব কাছাকাছি না যায়। পায়ের কাছে পৌঁছানোর আগেই পিনগুলি সরিয়ে ফেলুন, একটি পিনের উপর সেলাই করা হলে তা ভেঙ্গে গিয়ে সম্ভাব্য আঘাত ঘটাতে পারে। যেকোনো ধরনের হাতের আঘাত এড়াতে সতর্কতার সঙ্গে হাতুড়ি এবং কাপড় কাটার কাঁচি ব্যবহার করুন।

## ৪.৩ সরঞ্জামাদি, রিসোর্সেস এবং ম্যাটেরিয়ালস্

### সরঞ্জামাদি

প্যাটার্ন
(এই ম্যানুয়ালের পিছনের দিকে)







ডেনিম সূঁচ,



সেলাই মেশিন,



পেগ/স্প্রিং ক্লিপ,



পেন্সিল/কলম,



হাতুড়ি,



পিন,





কাপড় কাটার কাঁচি

## প্রয়োজনীয় উপকরন/ম্যাটেরিয়াল



লাইনটি এমন কোন উপাদান থেকে তৈরি করা আবশ্যক যা পানিতে ভেসে থাকতে পারে। পলিপ্রোপিলিন প্রায়ই এক্ষেত্রে ব্যবহার করা হয় -স্ট্যান্ডার্ড BS EN ISO 1346: 2012 এর জন্য।







**পলিপ্রোপিলিন মাল্টিফিলামেন্ট দড়ি (ভাসমান শক্তিশালী দড়ি)**

৭ মিমি ব্যাসরেখা x ২০ মি, ৩-১০kN স্ট্যাটিক ব্রেকিং শক্তি অথবা ৯.৫ মিমি ব্যাসরেখা x ১৮ মি, ৩-১০kN স্ট্যাটিক ব্রেকিং শক্তি



**হালকা ওজন, শক্ত নাইলনের উজ্জ্বল ফ্যাব্রিক**

৫০০ ডিনিয়ার অথবা রিপস্টপ নাইলন
৬০০মি x ৪৫০মিমি



**গবাক্ষ**

২২ মিমি স্টেইনলেস স্টিল (মরিচা রোধক ইস্পাত)



**ওয়েবিং (ফিতা)**

৩০ x ২৮০ মিমি



**পলিয়েস্টার থ্রেড/সুতা**



**Velcro (double-sided)**

20 x 160mm
If double-sided is not available, stitch together two lengths of opposing Velcro together

## পরামর্শ এবং নোট


- ধীরে ধীরে এবং সাবধানে আপনার প্যাটার্নটি কাটুন।
- নিশ্চিত করুন যেন গাইডেন্সের জন্য সবগুলো খাঁজ (▶) ছোট করে কাটা হয় ।
- শুধুমাত্র ফ্যাব্রিকের সিম এলাওয়েন্সে পিন লাগান।
- যদি সম্ভব হয় একটি শক্তিশালী সেলাই মেশিন ব্যবহার করুন।
- একটি মাঝারি আকারের সেলাই ব্যবহার করুন যা সর্বোচ্চ (২-২.৫ মিমি) ।
- প্রতিটি সিমের শুরু এবং শেষে উল্টো সেলাই করুন।
- সর্বদা প্রান্ত থেকে ১০ মিমি দূরত্বে সেলাই করুন যদি ভিন্ন কোন নির্দেশ না দেয়া থাকে।
- যদি নির্দেশাবলীতে শক্ত বাঁধনের উল্লেখ থাকে তবে প্রয়োজন অনুযায়ী নির্দিষ্ট এলাকায় দুই বা তিনবার সেলাই করুন ।


## ৪.৪ টেমপ্লেটস্ / প্যাটার্ন

ইউনিট ৮ এ পূর্ণ আকারের A4 সাইজের মাস্টার টেমপ্লেটস্ / প্যাটার্ন রয়েছে যা রেসকিউ থ্রোলাইনের উৎপাদন / সাইনের কাজে সাহায্য করে। প্যাটার্নটি সাতটি পৃষ্ঠায় তৈরি যাতে চারটি রুলারস্ এবং একটি নির্দেশনামূলক সাইন রয়েছে। টেমপ্লেটগুলোর ১০০% স্কেলে ফটোকপি করুন, এরপর উৎপাদন / সাইনের কাজে ব্যবহারের জন্য প্রয়োজন অনুযায়ী এগুলোকে কাটুন। পূর্ণ আকারের প্যাটার্ন তৈরির তথ্যের জন্য নিচের পৃষ্ঠাটি দেখুন।


**শুধুমাত্র রেফারেন্সের জন্য**

ইউনিট ৮ এ পূর্ণ আকারের টেমপ্লেটস্ / প্যাটার্ন দেখুন উৎপাদন এবং সাইনের জন্য










## রেসকিউ থ্রোলাইনের পূর্ণ আকারের প্যাটার্ন

ইউনিট ৮ এ দেখানো হয়েছে কিভাবে সাতটি A4 পৃষ্ঠার সমন্বয়ে রেসকিউ থ্রোলাইন ব্যাগের মাস্টার প্যাটার্ন তৈরি করা হয়। কিভাবে ব্যাগের নল তৈরি করতে হবে সে সম্পর্কে ১-৬ পৃষ্ঠায় জানা যায় (যা নীচে দেখানো হয়েছে) এবং পৃষ্ঠা ৭ হচ্ছে ব্যাগের তলা। যেখানে সম্ভব এই ম্যানুয়ালের মধ্যে আলগা এই A4 সাতটি পৃষ্ঠা আপনার মাস্টার কপি (মূল কপি) হিসাবে রেখে দিন।


এগুলোর ১০০% স্কেলে ফটোকপি করুন (এগুলোকে উপর অথবা নিচ দিক থেকে পরিমাপ করবেন না। নিচে যেভাবে দেখানো হয়েছে সেভাবে প্যাটার্নের পৃষ্ঠাগুলো সাজান। পৃষ্ঠাগুলো ক্রমানুসারে সংযুক্ত করুন। ৭ নম্বর পৃষ্ঠা বিচ্ছিন্নভাবে (আলাদাভাবে) ব্যবহার করা যেতে পারে।







**পরিমাপক নয়**

শুধুমাত্র রেফারেন্সের জন্য



## ৪.৫ উৎপাদনের নির্দেশাবলী

### রেসকিউ নিক্ষেপ ব্যাগ উৎপাদন



১. ম্যাটেরিয়ালের উপর ব্যাগের প্যাটার্নটি পিন দিয়ে সংযুক্ত করুন, প্রান্তের কাছাকাছি পিন লাগান। যেকোন অতিরিক্ত ম্যাটেরিয়াল কেটে ফেলুন।




২. ব্যাগের তলার জন্য প্যাটার্নটি একই প্রক্রিয়ায় সংযুক্ত করুন। প্যাটার্ন অনুযায়ী সবগুলো খাঁজ ছোট করে কেটে ফেলুন।



৩. স্নিপড় মার্কার ব্যবহারের মাধ্যমে ব্যাগের উপরের দিক দুইবার ভাঁজ করুন। হেম লাইন বরাবর সেলাই করুন।




৪. ১৬০ মিমি দৈর্ঘ্য ভেলক্রো দুইটি হাতে নিন, পিছনের দিকগুলো একসঙ্গে করে সেলাই করুন -যেমনটি উপরে দেখানো হয়েছে।



৫. গাইড করার জন্য স্নিপড় মার্কার ব্যবহারের মাধ্যমে পিন দিয়ে ভেলক্রোটি জায়গা অনুযায়ী সংযুক্ত করুন। এবার প্যাটার্ন অনুযায়ী ব্যাগের সঙ্গে সেলাই করুন।



৬. ১২০মিমি ওয়েবিং (ফিতা) কাটুন। একটি লুপ তৈরির জন্য অর্ধেক করে ভাঁজ করুন। কোন প্রকার বিভক্তি এড়াতে শেষ প্রান্তগুলো আগুনে পুড়িয়ে ফেলুন।



৭. পিন লাগান, এরপর প্যাটার্ন অনুযায়ী ব্যাগের লুপ সেলাই করুন।



৮. একটি ফ্যাব্রিকের নল তৈরি করতে ব্যাগের দুই পাশ একসঙ্গে সেলাই করুন।



৯. ১৫০মিমি ওয়েবিং কাটুন। এবার শেষ প্রান্তগুলো আগুনে পুড়িয়ে ফেলুন এবং ব্যাগের কেন্দ্রের তলা জুড়ে পিন লাগান।

## রেসকিউ নিক্ষেপ ব্যাগ উৎপাদন (চলমান)


১০. প্যাটার্নে যেভাবে দেখানো হয়েছে ঠিক সেভাবে তলার উপর সেলাই করুন, উভয় প্রান্ত সেলাই করুন এবং ওয়েবিং এর দৈর্ঘ্য বরাবর প্রতিটি পাশ সেলাই করুন।


১১. প্যাটার্নটি অনুসরণ করে ফ্যাব্রিকটিতে ছাপ দিয়ে চিহ্নিত করুন এবং গবাক্ষের ভিতরের অংশটির সাহায্যে ফ্যাব্রিকটি কাটুন।



১২. যত্নসহকারে গবাক্ষগুলোর দুই ভাগ একত্রিত করে হাতুড়ির মাধ্যমে সংযুক্ত করুন।


১৩. যদি গবাক্ষ কিট সহজলোভ্য না হয় তবে খুব গরম কোন ধাতু ফ্যাব্রিকটিতে ব্যবহার করে দুটি ১০ মিমি ছিদ্র করুন।



১৪. কাজ করার জন্য ভিতরের দিকটি বাহিরে বের করুন, বেস এবং টিউব একসঙ্গে করে সেলাই করুন। মজবুত করার জন্য চারপাশ দুইবার সেলাই করুন।




১৫. যদি ৮ মিমি দড়ি ব্যবহার করা হয়, তবে ২০ মি দৈর্ঘ্য কেটে ফেলুন, যদি ১০ মিমি দড়ি ব্যবহার করা হয়, তবে ১৮ মি দৈর্ঘ্য কেটে ফেলুন।



১৬. একটি আট আকৃতির গিঁটের গঠন তৈরি করুন যা দড়ির শেষ থেকে ৫৬০ মিমি দূরত্বে (১৬-২০ পদক্ষেপগুলি দেখুন) ।


১৭ একটি আট আকৃতির গিঁটের গঠন তৈরি।


১৮ একটি আট আকৃতির গিঁটের গঠন তৈরি।

## রেসকিউ নিক্ষেপ ব্যাগ উৎপাদন (চলমান)



১৯. আপনার গিঁটটি এমন দেখাবে।



২০. ব্যাগের ভিতরের দিকটি বাহিরে বের করে আনুন, একটি গবাক্ষের ভেতর দিয়ে দড়িটি ব্যাগে প্রবেশ করান এবং অন্য গবাক্ষটির ভেতর দিয়ে দড়িটি বের করে আনুন।



২১. একটি ডাবল আট গিঁটের গঠন তৈরি করুন।
দড়ির শেষ প্রান্তটি হাতে নিন এবং আট আকৃতির গিঁটের গঠনটি অনুসরণ করুন।



২২. একটি ডাবল আট আকৃতির গিঁটের গঠন তৈরি করুন।



২৩. একটি ডাবল আট আকৃতির গিঁটের গঠন তৈরি করুন।



২৪. আপনার গিঁটটি থেকে ১৫০ মিমি দড়ি বের করে রাখুন (যা প্রায় এক হাত প্রস্থ)।



২৫. আপনার দড়ি এবং ব্যাগের মাঝখানে একটি ছোট লুপ থাকবে যাতে আপনার হাত এটার মধ্য দিয়ে প্রবেশ করতে না পারে (উপরের লাল সেকশানটি দেখুন)।



২৬. উপরের চিত্রের মত ব্যাগটি ধরে রাখুন, দড়িটি হাত দিয়ে সোজাভাবে ব্যাগের ভেতরে ঢুকিয়ে রাখুন (দড়িটির কোন প্রকার কুণ্ডলী তৈরি করবেন না)।




২৭. ব্যাগটির ভিতরের লাইনটির দৈর্ঘ্য সঠিকভাবে প্রদর্শন করার জন্য ব্যাগে স্পষ্টভাবে লেবেল লাগান।

## রেসকিউ নিক্ষেপ ব্যাগ উৎপাদন (চলমান)




২৮. ব্যাগ থেকে ২০০ মিমি দড়ি বের করে ছেড়ে দিন। ব্যাগের উপরের দিকটি ভেলক্রোর স্ট্রেপটি দিয়ে মুড়িয়ে নিন। এই পর্যায়ে রেসকিউ থ্রোলাইনটি ব্যবহারের জন্য প্রস্তুত!


## ৪.৬ নিরীক্ষা

রেসকিউ থ্রোলাইনটি তৈরি সম্পন্ন হওয়ার পর এটিকে পরীক্ষা করার জন্য লাইনের শেষ প্রান্তটি ধরে রেখে পানিতে ফেলতে হবে। ব্যাগ এবং লাইনটি ভেসে থাকছে কিনা তা পরীক্ষা করুন এবং লাইনটি ব্যাগের সঙ্গে শক্তভাবে বাঁধা হয়েছে কিনা তা দেখুন।

- নিশ্চিত করুন যেন লাইন এবং ব্যাগটি ত্রুটিপূর্ণ না হয়।
- নিশ্চিত করুন যেন ভেলক্রোর বন্ধনটি সঠিকভাবে কাজ করে।
- লাইনটি ব্যবহারের জন্য যথেষ্ট শক্তিশালী কিনা তা পরীক্ষা করুন (ইউনিট ২.২ পড়ুন)।


## ৫.১ পেশাদার উদ্ধার কাজের জন্য অধিক ভলিউমে উৎপাদন

পেশাদার কাজে ব্যবহারের জন্য অধিক ভলিউম রেসকিউ থ্রোলাইন উৎপাদনের ক্ষেত্রে অনুগ্রহ করে নীচের রিসোর্সটি দেখুন।



## ৬.১ নিষ্পত্তি/পুনর্ব্যবহার

লাইন এবং ব্যাগটি এলাকাবাসীর অন্যান্য কাজে ব্যবহার করা যেতে পারে। পলিপ্রোপিলিন এবং নাইলনের পুনর্ব্যবহার করা সম্ভব এবং এই বিষয়ে স্থানীয় পুনর্ব্যবহার বিশেষজ্ঞের পরামর্শ নেয়া উচিত।



## ৬.২ পরিবেশগত প্রভাব মূল্যায়ন

সাধারণত স্থানীয়ভাবে পুনর্ব্যবহারযোগ্য উপকরণ ব্যবহার এবং কম পরিমাণে উৎপাদন পরিবেশগত প্রভাব কমিয়ে আনবে। অধিক পরিমাণে উৎপাদনের ক্ষেত্রে পরিবেশগত প্রভাবসমূহ বিবেচনা নিশ্চিত করতে নিম্নলিখিত গাইডেন্স সাহায্য করবে।

### ম্যাটেরিয়ালস্ / উপকরণ

সার্বিকভাবে পুনর্ব্যবহারযোগ্য ম্যাটেরিয়ালের ব্যবহার নিশ্চিত করা উচিত। সবসময় প্রয়োজন অনুযায়ী ন্যূনতম ম্যাটেরিয়ালের ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন। উৎপাদনে ব্যবহৃত উপকরনগুলো কোথা থেকে সংগ্রহ করা হয়েছে তার তথ্যগুলো রাখা একটি ভাল অনুশীলন হিসেবে বিবেচ্য। উপকরনগুলো যেন টেকসই এবং নৈতিক উৎস থেকে নেয়া হয় তা নিশ্চিত করতে হবে।

### প্রোডাকশন/উৎপাদন

উৎপাদন প্রক্রিয়ার সময় সর্বনিম্ন শক্তির ব্যবহার এবং বর্জ্য পদার্থকে কমিয়ে আনা নিশ্চিত করা প্রয়োজন।

## ৭.১ মতামত এবং প্রতিক্রিয়া

আরএনএলআই এই ম্যানুয়াল এবং রেসকিউ থ্রোলাইনের ডিজাইন সংক্রান্ত যেকোনো মতামত স্বাগত জানায়। অনুগ্রহ করে আপনার মতামত এবং পরামর্শ international@rnli.org.uk-এ পাঠানোর জন্য অনুরোধ করা হলো।


## ৭.২ জীবন বাঁচানোমূলক সরঞ্জামের প্রয়োজনীয়তা

যদি আপনার জীবন বাঁচানোমূলক কোনো সরঞ্জামের প্রয়োজন থাকে তবে অনুগ্রহ করে নিম্নলিখিত তথ্যেগুলির সাথে international@rnli.org.uk-এ ইমেল করুন:

- নাম
- প্রতিষ্ঠান
- দেশ
- অঞ্চল
- জীবনরক্ষার এলাকা
- যে ধরনের সরঞ্জামের প্রয়োজন
- কেন এর প্রয়োজন?
- কেন বিদ্যমান সরঞ্জামটি উপযুক্ত নয়?

## ৭.৩ গল্প

যদি আপনার এই সরঞ্জামটি সম্পর্কে কোনো গল্প শেয়ার করার থাকে অথবা আপনি সরঞ্জামটি ব্যবহার করে কারো জীবন বাঁচাতে সাহায্য করেছেন তবে সে সম্পর্কিত আপনার তথ্য অথবা ছবি international@rnli.org.uk. -এ পাঠানোর জন্য অনুরোধ করা হলো।




## ৮.১ মাস্টার টমেপ্লটেস্ / প্যাটার্ন


পিছনের কভারের ভিতরে রাখা আলগা A4 পৃষ্ঠাগুলি হচ্ছে পূর্ণ আকারের মাস্টার টেমপ্লেটস্ যা রেসকিউ থ্রোলাইনের উৎপাদন এবং সাইনের ক্ষেত্রে সহায়তা করে।


সম্পূর্ণ প্যাটার্নটি সাতটি পৃষ্ঠায় তৈরি যাতে চারটি রুলারস্ সমন্বিত একটি টেমপ্লেট এবং একটি নির্দেশনামূলক সাইন টেমপ্লেট রয়েছে। উৎপাদন / সাইনের জন্য ব্যবহার করতে মাস্টার টেমপ্লেটটি /প্যাটার্নটি ১০০% স্কেলে ফটোকপি করুন। প্রয়োজন অনুযায়ী সাইন এবং রুলারগুলো কাটুন।

রেসকিউ থ্রোলাইন প্যাটার্নের জন্য নীচে যেভাবে দেখানো হয়েছে সেভাবে পৃষ্ঠাগুলি সাজান, তারপর পৃষ্ঠাগুলি যুক্ত করতে প্রতিটি পৃষ্ঠার তীরগুলি অনুসরণ করুন। পৃষ্ঠাগুলো ক্রমানুসারে সংযুক্ত করুন। পৃষ্ঠা নম্বর ৭ বিচ্ছিন্নভাবেও ব্যবহার করা যেতে পারে।

প্যাটার্নটি পিনের সাহায্যে ফ্যাব্রিকে যুক্ত করার সময় যদি সম্ভব হয় এক্ষেত্রে একটি পাতলা কাগজ ব্যবহার করা উচিৎ।





**পরিমাপক নয়**

শুধুমাত্র রেফারেন্সের জন্য



থ্রোলাইন প্যাটার্ন (পৃষ্ঠা ১-পৃষ্ঠা ৭)
মাস্টার টেমপ্লেট

B

পৃষ্ঠা ১

রিয়াল

অতিরিক্ত ম্যাটেরিয়াল


সেম লাইন

পরিমাপক
উৎপাদন প্যাটার্ন হিসাবে
ব্যবহারের জন্য ১০০%
স্কেলে ফটোকপি করা
প্রয়োজন

A

৪১০মিমি

উপরের দি




**পরিমাপক**

উৎপাদন প্যাটার্ন হিসাবে ব্যবহারের জন্য ১০০% স্কেলে ফটোকপি করা প্রয়োজন

B

ডটেড লাইনের দিকে
পৃষ্ঠায় ১

অতিরিক্ত ম্যাটেরিয়াল

**পরিমাপক**

উৎপাদন প্যাটার্ন হিসাবে ব্যবহারের জন্য ১০০% স্কেলে ফটোকপি করা প্রয়োজন

D

পৃষ্ঠা ৩

৪৫০মিমি


৪১০মিমি

ফ্যাব্রিক
গ্রেইন


স্বল্প পরি
উৎপাদনের

পাশ

E




C
ডটেড লাইনের দিকে
পৃষ্ঠায় ১
D
ডটেড লাইনের দিকে
পৃষ্ঠায় ৩
পরিমাণ
নের ডিজাইন
২০মিমি
৪০মিমি
৬০মিমি
৩০মিমি
ভেলক্রোর অবস্থান নির্ণয়
লুপের অবস্থান নির্ণয়
পরিমাপক
উৎপাদন প্যাটার্ন হিসাবে ব্যবহারের জন্য ১০০% স্কেলে ফটোকপি করা প্রয়োজন
পাশ
F
২২৫মিমি




**পরিমাপক**

উৎপাদন প্যাটার্ন হিসাবে ব্যবহারের জন্য ১০০% স্কেলে ফটোকপি করা প্রয়োজন





G
ডটেড লাইনের দিকে
পৃষ্ঠায় ৫

**পরিমাপক**

উৎপাদন প্যাটার্ন হিসাবে ব্যবহারের জন্য ১০০% স্কেলে ফটোকপি করা প্রয়োজন

**পরিমাপক**


উৎপাদন প্যাটার্ন হিসাবে ব্যবহারের জন্য ১০০% স্কেলে ফটোকপি করা প্রয়োজন



# রুলারস
# মাস্টার টেমপ্লেট

**পরিমাপক**


উৎপাদন প্যাটার্ন হিসাবে ব্যবহারের জন্য ১০০% স্কেলে ফটোকপি করা প্রয়োজন




সাইন
মাস্টার টেমপ্লেট



থ্রোলাইনটি হাতে নিন



লাইনের শেষ প্রান্তটি
ধরে রাখুন



বিপদগ্রস্ত ব্যাক্তিকে
ব্যাগটি নিক্ষেপ করুন

**TP-INT-10-03CP Bengali**

Produced by RNLI Learning Resources